

Kawaii omamori desu ne

সুন্দর কবচ, তাই না?



আজকের স্ক্রিপ্ট

タム : これ、かわいいお守りですね。

কী সুন্দর কবচ, তাই না?

তাম : Kore, kawaii omamori desu ne.

ミーヤー: 本当、かわいい。

সত্যিই, খুব সুন্দর।

মি ইয়া : Hontoo, kawaii.

タム : これもいいですね。

আর এটাও সুন্দর।

তাম : Kore mo i i desu ne.

職員 : それは縁結びのお守りです。

ওটা হচ্ছে “এন্-মুসুবি” ধরনের কবচ।

স্টাফ : Sore wa enmu'subi no omamori desu.

800円になります。

800 ইয়েন পড়বে।

Happyaku-en ni narimasu.

タム : えんむす・・・。

এন্-মুসু...

তাম : Enmusu...

ミーヤー: 縁結び。恋人ができるお守り。

এন্-মুসুবি জীবনসঙ্গী পাওয়ার কবচ।

মি ইয়া : Enmu'subi. Koibito ga dekiru omamori.

タム : じゃあ、これをください。

তাহলে এটা আমাকে দিন।

তাম : Ja'a, kore o kudasa'i.

শব্দার্থ

かわいい

সুন্দর, মনকাড়া, কিউট, দেখতে মিষ্টি

kawaii

本当

সত্যিই

hontoo

いい ভাল

i i

それ ওটা

sore

縁結び

জীবনসঙ্গী প্রাপ্তি

enmu'subi

～になる ~ দাম পড়বে

～ni na'ru

恋人

ভালোবাসার মানুষ, প্রেমিক বা প্রেমিকা

koibito

できる

পাওয়া, ঘটা, সম্ভব হওয়া

deki'ru

じゃあ

তাহলে

ja'a

মূল বাক্য

かわいいお守りまもですね。

Kawai'i omamori de'su ne.

কী সুন্দর কবচ, তাই না?

বাংলার মতই জাপানিতেও বিশেষ্য পদকে গুণাঙ্কিত করার ক্ষেত্রে ঠিক তার আগে বিশেষণ পদ ব্যবহার করা হয়, যেমন “কাওয়াইই ওমামোরি” অর্থাৎ “সুন্দর কবচ”। বিধেয় হিসেবে বাক্যের একেবারে শেষেও বিশেষণ বসতে পারে। জাপানিতে যে সকল বিশেষণ পদ -ই উচ্চারণ দিয়ে শেষ হয়, সেগুলোকে বলা হয় ই-বিশেষণ, যেমন “কাওয়াইই” বা “সুন্দর”।

আসুন চর্চা করি!

みて、このTシャツ。

Mi'te, kono tii-shatsu.

おもしろいですね。

Omoshiro'i de'su ne.

এই টি-শার্টখানি দেখুন।

বেশ ইন্টারেস্টিং, তাই না?



এটাও চেষ্টা করি!

[ই-বিশেষণ] 大きいね。

এটা [ই-বিশেষণ], তাই না?

[ই-বিশেষণ] de'su ne.

① 大きい


ooki'i

বড়

② 高い

taka'i

দামী



বোনাস বাক্য

これをください。

Kore o kudasa'i.

এটা দিন প্লিজ

রেস্তোরাঁ অথবা দোকানে কাঙ্ক্ষিত জিনিসটি অর্ডার করতে সেই জিনিসের দিকে ইঙ্গিত করে এই বাক্যটি বলুন।



মি ইয়া'র ট্রাভেল গাইড

জাপানের শিন্তোও ও বৌদ্ধ মন্দির

সমগ্র জাপানজুড়ে দেখতে পাবেন বিপুল সংখ্যক শিন্তোও এবং বৌদ্ধ মন্দির ছড়িয়ে ছিটিয়ে আছে। শিন্তোও মন্দিরসমূহে আদিকাল থেকে শিন্তোও ধর্মের দেবতাদের পূজা করা হয়ে আসছে। অপর দিকে বৌদ্ধ মন্দিরগুলো হচ্ছে বৌদ্ধ ধর্মের প্রাণকেন্দ্র। পর্যটকদের কাছেও শিন্তোও ও বৌদ্ধ মন্দিরসমূহ বেশ জনপ্রিয় দর্শনীয় স্থান। বিখ্যাত মন্দিরগুলোর মধ্যে রয়েছে টোকিওতে অবস্থিত মেয়েজি জিন্সু শিন্তোও মন্দির, সেনসোওজি বৌদ্ধ মন্দির এবং যোওজোওজি বৌদ্ধ মন্দির।

মেয়েজি জিন্সু শিন্তোও মন্দিরের গেট



যোওজোওজি মন্দির



©Zoji

এছাড়াও পৌরাণিক কাহিনীর দেশ হিসেবে পরিচিত শিমাানে জেলার ইয়ুমো তাইশা শিন্তোও মন্দির, এবং নারা জেলায় বুদ্ধের বিশাল মূর্তি থাকা তোওদাইজি মন্দির খুব বিখ্যাত।

ইয়ুমো তাইশা মন্দির



তোওদাইজি মন্দিরের বিশাল বুদ্ধ মূর্তি



©Nara City Tourist Association
/Tatehiko Yano

উত্তর

① おおきいですね。

Ooki'i de'su ne.

② たかいですね。

Taka'i de'su ne.